

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০২০.০০৪.০৪.০১.০০.২০৩.২০১৩-২২২


তারিখ : ১১/৩/১৭

বিষয় : নাটোর জেলার বাগতিপাড়া পৌরসভা বাতিলের বিষয়ে মহামায়া হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৩৮৪৩/২০১০ মোকদ্দমার সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসংগে।

সূত্র: পৌর-২ শাখার ইউ, নোট নং- ৪৬.০০.০০০০.০৬৪.৩১.০২৬.১২-১৭৩ তারিখঃ ০২/০২/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নাটোর জেলার বাগতিপাড়া পৌরসভা বাতিল করার জন্য জেলা প্রশাসক, নাটোর কর্তৃক জারীকৃত নোটিশকে চ্যালেঞ্জ করে দায়েরকৃত রীট পিটিশন নং-৩৮৪৩/২০১০ মোকদ্দমার সর্বশেষ অবস্থা অবহিত করার জন্য এ বিভাগের ২৮.১১.২০১১ তারিখের ১৪৪১ নং স্মারকে অনুরোধ করা হলে আইন ও বিচার বিভাগের সলিসিটর উইং এর রীট শাখা হতে ২০.০৩.২০১৩ তারিখের ২৭১নং স্মারকে সর্বশেষ অবহিত করা হয়েছে। পরবর্তীতে উক্ত মোকদ্দমার বিষয়ে গৃহিত ব্যবস্থা সম্পর্কে অদ্যাবধি কিছু জানা যায়নি।

এমতাবস্থায়, মামলাটি নিষ্পত্তি না হয়ে থাকলে সরকারী স্বার্থ বিবেচনায় দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ মামলাটি সর্বশেষ অবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(মোহাম্মদ শফিকুল আরিফ)
উপসচিব(আইন-২)
৯৫৪০৯৯৫

বিজ্ঞ সলিসিটর
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, এটর্নী জেনারেল ও সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ০২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৩। সহকারী সচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।